# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৩১

১৫/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৫/৬. কতলে খাতার দিয়াত

بَاب دِيَةِ الْخَطَإِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ عَاصِمٍ، حَدَّثَنَا الصَّبَّاحُ بْنُ مُحَارِبٍ، حَدَّثَنَا حَجَّاجُ بْنُ أَرْطَاةَ، حَدَّثَنَا زَيْدُ بْنُ جُبَيْرٍ، عَنْ خِشْفِ بْنِ مَالِكٍ الطَّائِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فِي دِيَةِ الْخَطَإِ عِشْرُونَ حِقَّةً وَعِشْرُونَ جَذَعَةً وَعِشْرُونَ بِنْتَ مَخَاضٍ وَعِشْرُونَ بِنْتَ لَبُونٍ وَعِشْرُونَ بَنِي مَخَاضٍ ذُكُورٍ " .

বাংলা

৩/২৬৩১। আবদুল্লাহ ইবনে মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কতলে খাতার (ভুলবশত হত্যার) দিয়াত বিশটি হিক্কা, বিশটি জাযাআ, বিশটি বিনতে মাখায, বিশটি বিনতে লাবূন এবং বিশটি ইবনে মাখায।

## English

It was narrated from 'Abdullah bin Masud that the Messenger of Allah (ﷺ) said:
“The blood money of one who killed by mistake is twenty Hiqqah (three-year-old she camels), twenty Jadha'ah (four year old she camels), twenty Bint Makhad (one year old she camel), twenty Bint Labun (two year old she camels), and twenty Bani Makhad (one year old she camels).”

ফুটনোট

তিরমিযী ১৩৮৬, নাসায়ী ৪৮০২, আবূ দাউদ ৪৫৪৫, আহমাদ ৪২৯১, দারেমী ২৩৬৭, যইফাহ ২৩৬৭।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. সাব্বাহ বিন মুহারিব সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী

বলেন, তিনি তার হাদিসের বিপরীত হাদিস বর্ণনা করেছেন। আবু হাতিম আর-রাযী ও আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮৪৭, ১৩/১০৮ নং পৃষ্ঠা) ২. হাজ্জাজ বিন আরতা সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়, অন্যত্র তিনি তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় তাদলীস করেন। মুহাম্মাদ বিন সা'দ তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ১১১২, ৫/৪২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43247

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন